

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৯৫

১/ বিবিধ

আরবী

إن لله ملائكة موكلين بأبواب الجوامع يوم الجمعة يستغفرون لأصحاب العمائم البيض

موضوع

أخرجه الخطيب بإسناد الحديثين السابقين، وقد عرفت أنه من وضع يحيى بن شبيب اليماني

ومن طريق الخطيب ذكره ابن الجوزي في " الموضوعات " (2 / 106) وقال: يحيى حدث عن حميد وغيره أحاديث باطلة

وأيده السيوطي في " اللآليء " (2 / 27) فقال

قلت: قال في " الميزان ": هذا مما وضعه على حميد، وأقره ابن عراق (236 / 2) قلت: لكن وجدت له طريقا أخرى رواها أبو علي القشيري الحراني في " تاريخ الرقة " (ق 38 / 2) عن أبي يوسف محمد بن أحمد الصيدلاني، حدثنا العباس بن كثير أبو مخلد الرقي، حدثنا يزيد بن أبي حبيب عن ميمون بن مهران، عن سالم بن عبد الله بن عمر، عن أبيه مرفوعا، ذكره في ترجمة العباس هذا ولم يذكر فيه جرحا ولا تعديلا، وأبو يوسف الصيدلاني لم أجد من ترجمه، فهو أو شيخه آفة هذه الطريق، فإن من فوقهما ثقات، ولا يصح في العمائم شيء غير أنه صلى الله عليه وسلم لبسها، وتقدم بعض أحاديثها برقم (127 \_ 129)



৩৯৫। জুম'আর দিবসে জামে মসজিদগুলোর গেটে আল্লাহর দায়িত্বপ্রাপ্ত ফেরেশতাগণ থাকেন। তারা সাদা পাগড়ীধারীদের জন্য ইসতিগফার (ক্ষমা প্রার্থনা) করতে থাকেন।

## হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী উপরের হাদীস দুটোর সনদেই বর্ণনা করেছেন। আমি অবহিত হয়েছি যে, এটি ইয়াহইয়া ইবনু শাবীব ইয়ামামী কর্তৃক তৈরিকৃত। খাতীব বাগদাদীর সূত্র হতে ইবনুল জাওয়ী হাদীসটি "আল-মাওযূ'আত" গ্রন্থে (২/১০৬) উল্লেখ করে বলেছেনঃ ইয়াহইয়া হুমায়েদ এবং অন্যদের থেকে বাতিল হাদীস বর্ণনা করেছেন।

সুয়ুতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৭) তার কথাকে শক্তি যুগিয়েছেন একথা বলে যে, "আল-মীযান" গ্রন্থে যাহাবী বলেছেনঃ এটি সে সবের একটি যেটিকে ইয়াহইয়া হুমায়েদের উদ্ধৃতিতে তৈরি করেছেন।

তার এ কথাকে ইবনু আররাক (২/২৩৬) সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির আরেকটি সূত্র আমি পেয়েছি; যেটি আবু আলী কুশাইরী হারানী "তারীখুর রিক্কা" গ্রন্থে (কাফ ২/৩৮) আবু ইউসুফ মুহাম্মাদ বর্ণনা করেছেন। তিনি আব্বাসের জীবনীতে এ হাদীসটি উল্লেখ করেছেন অথচ তিনি তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। আবু ইউসুফ সাইদালানীর জীবনী কে রচনা করেছেন পাচ্ছি না। তিনি অথবা তার শাইখ এ সূত্রটির সমস্যা।

পাগড়ী সংক্রান্ত বিষয়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাগড়ী পরেছেন এতটুকু ছাড়া অন্য কিছুই সহীহ নয়। ১২৭ এবং ১২৯ নম্বরে পাগড়ীর হাদীস সম্পর্কে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন